

ঢাকা কলেজে পুলিশের তত্ত্বাশি বিপুল দেশীয় অস্ত্র উদ্ধার, শ্রেণীর ৯

বিষয়বিশেষ প্রতিক্রমক ●

ঢাকা কলেজে আধিপত্য বিস্তার নিয়ে বাংলাদেশ ছাত্রলীগের দুই পক্ষের মধ্যে সংঘর্ষের আশঙ্কায় গত শনিবার গভীর রাতে সেখানে তত্ত্বাশি চালিয়ে পুলিশ বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করেছে। অর্ধশতাধিক শিক্ষার্থীকে আটক করা হলেও গতকাল রোববার নয়জনকে শ্রেণীর মধ্যে অন্যদের ছেড়ে দেওয়া হয়।

এই নয়জন হলেন কলেজ শাখা ছাত্রলীগের বিলুপ্ত কমিটির সহসভাপতি আমিন আহমেদ চৌধুরী, রুবেল আহমেদ, সোহেল রানা, এ.বি.এম. মাহমুদ আলম, হারুন অর রশিদ, রেজাউল করিম, আল আমিন, নয়ন কুমার পাল ও হাসানুজ্জামান। আমিন আহমেদকে দেশীয় অস্ত্র উদ্ধারের ঘটনায় নিউমার্কেট থানায় করা মামলায় এবং অন্যদের ১৫১ ধারায় শ্রেণীর দেখানো হয়।

কলেজের কয়েকজন আবাসিক শিক্ষার্থী জানান, গত মাসে আধিপত্য বিস্তার নিয়ে ছাত্রলীগের দুই পক্ষের সংঘর্ষের জের ধরে শনিবার রাতেও ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছিল। দেশীয় অস্ত্রশস্ত্র নিয়ে মহড়া দেন ছাত্রলীগের পক্ষতলোর নেতা-কর্মীরা। এরপর পুলিশ হলে তত্ত্বাশি চালিয়ে শিক্ষার্থীদের আটক করে।

পুলিশের ধানমন্ডি অঞ্চলের সহকারী কমিশনার রেজাউল করিম বলেন, মারামারির প্রস্তুতির খবর পেয়ে ধানমন্ডি বিভাগের ছয়টি থানার পুলিশ ঢাকা কলেজে যৌথ অভিযান চালায়। অভিযানে শতাধিক চাপাতি, দা, লাঠি ও রড এবং পিস্তলের একটি ম্যাগাজিন উদ্ধার করা হয়েছে। ৫০ জনের বেশি ছাত্রকে আটক করা হয়। যাচাই শেষে গতকাল নয়জনকে আদালতে পাঠানো হয়।

ধানমন্ডি বিভাগের উপকমিশনার মাক্ফ হোসেন সরদার বলেন, আটক ছাত্রদের নিয়ে শিক্ষকদের সঙ্গে বসে নিরীহদের ছেড়ে দেওয়া হয়েছে।